গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বেগমগঞ্জ,নোয়াখালী।
coop.begumganj.noakhali.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"

স্মারক নং: : ৪৭.৬১.৭৫০৭.০০০.০৫.০০১.২১-৪৬ তারিখঃ ১৩-০৩-২০২৪খ্রি.।

বিষয়ঃ সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা প্রস্তাবনা ও বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এপিএ এর [১.১.১] এর সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনার প্রস্তাবনা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ২ পাতা।

স্মৃতি প্রভা নন্দী
উপজেলা সমবায় অফিসার
বেগমগঞ্জ,নোয়াখালী
ফোন: ০২৩৩-৪৪৯৩৫৫২
ই. মেইল: ucobegumgonj@yhaoo.com

জেলা সমবায় অফিসার
নোয়াখালী

# সেবা সহজীকরন প্রস্তাবনা

( উপজেলা সমবায় দপ্তর)

১। সেবা প্রোফাইলঃ

ক) সেবার নামঃ প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ।

খ) সেবার বর্ণনা ও সহজিকরন যৌক্তিকতাঃ কোন প্রাথমিক সমবায় সমিতির নির্বাচিত/নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি মেয়াদের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারলে বিদ্যমান/মেয়াদোত্তীর্ণ কমিটির আবেদন মোতাবেক সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ও২০১৩এর ১৮(৫)ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয় ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদত্তীর্ণ কমিটি ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবনতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যে হেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সে হেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারনেই হোক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন করতে পারেনা। সমবায় সমিতি ব্যবস্থাপনায় ধারবাহিকতা আনয়ন এবং নিশ্চিত করা হলে প্রকারন্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদিঃ-

| ক্র:নং: | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ০১ | সেবা প্রদানকারী অফিস | উপজেলা সমবায় অফিস,বেগমগঞ্জ,নোয়াখালী |
| ০২ | সেবার সংক্ষিপ্ত বিবরন | সমবায় সমিতি ব্যবস্থাপনায় ধারাবাহিকতা রক্ষা রাখার জন্য অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ মাঠ পর্যায়ের একটি গুরুত্বপূর্ণ সেবা। সমবায় সমিতির নির্বাচিত/নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি মেয়াদের মধ্যেনির্বাচন সম্পন্ন করতে না পারলে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ও২০১৩এর ১৮(৫)ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। |
| ০৩ | বার্ষিক সেবা গ্রহনকারীর সংখ্যা | ১৩৯টি কার্যকর; প্রাথমিক সমিতির সংখ্যা ১৩৯ টি |
| ০৪ | সেবা পাবার শর্তাবলী | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন দাখিল করলে সেবা প্রদান করা হয়। |
| ০৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | উপজেলা সমবায় অফিসার,বেগমগঞ্জ,নোয়াখালী। |
| ০৬ | সেবা প্রাপ্তির সময় | ১০-১৪ দিন |
| ০৭ | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র। | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন। |
| ০৮ | সেবা প্রাপ্তির জন্য খরচ | নেই। |
| ০৯ | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | ৩-৫ বার |
| ১০ | সিংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা | সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ও২০১৩এর ১৮(৫)ধারা |
| ১১ | সেবা পেতে ব্যার্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা পদবী,ই-মেইল ও ফোন | জেলা সমবায় অফিসার,নোয়াখালী<br>ই-মেইল : dco.noakhali@yahoo.com<br>ফোন-০২৩৩৪৪-৭১৪৪২ |
| ১২ | সেবা প্রাপ্তি/প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/চ্যালেঞ্জসমুহ | ১) সেবা গ্রহীতা কখন আবেদন করতে হয় জানেনা।<br>২) কি ভাবে আবেদন করতে হয় জানেনা।<br>৩)কমিটি অবৈধ হলে এর দায় সম্পর্কে সঠিক জ্ঞানের অভাব রয়েছে।<br>৪) সেচ্ছাচারিতার মাধ্যমে অবৈধ কমিটি কাজ সম্পাদন করে। |

| | | |
|---|---|---|
| ১৩ | অন্যান্য | সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ২০০২ও২০১৩এর ১৮(৫)ধারা মোতাবেক বিগত ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ অন্তবর্তী কমিটিতে থাকতে পারবেনা।অজ্ঞতার কারনে অনেক সময় তাদের নাম প্রস্তাব করা হয়। তাছাড়া আবেদনের কোন ফরম্যাট না থাকায় আবেদনপত্রে ভুল থাকার কারণে অনেক সময় আবেদন প্রত্যাখান করে পুনরায় দাখিলের জন্য বলা হয়ে থাকে।প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনের নমুনা জেলা ও উপজেলার ওয়েবসাইটে দেয়া থাকবে এবং নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ সমিতিতে যোগাযোগ করে প্রয়োজনে সরবরাহ করবেন। |

২। বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণঃ
প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ

| সেবা প্রদানের ধাপ | ক্যযক্রম | প্রতি ধাপের সময় | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবী) |
|---|---|---|---|
| ধাপ-১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান | ১ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-২- | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রস্তুত ও স্বাক্ষর | ১ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-৩ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী ও অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন উপজেলা সমবায় অফিসে দাখিল। | ১-৩ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-৪ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ | ১ দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৫ | উপজেলা সমাবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ | ১-২দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর |
| ধাপ-৬ | উপজেলা সমাবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ৩-৫দিন | সহকারী পরিদর্শক |
| ধাপ-৭ | প্রস্তাবিত খসড়া অনুমোদন | ১-২দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৮ | সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ) টাকার উর্দ্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক সমবায় সমিতি হতে প্রাপ্ত কাগজপত্র জেলায় আগ্রায়ন এবং সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন। | | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৯ | পত্র জারীকরন এবং জেলা সমবায় অফিসে /সমিতিতে প্রেরন। | ১-২দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর |
| ধাপ-১০ | প্রাপ্ত আবেদন জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ | ১দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-১১ | প্রাপ্ত আবেদন ডাইরি ভুকক্তকরন | ১-২দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর |
| ধাপ-১২ | জেলা সমবায় দপ্তরে সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ১-৩দিন | পরিদর্শক |
| ধাপ-১৩ | উপসহকারী নিবন্ধক কর্তৃক নথিতে স্বাক্ষর | ১-২দিন | উপ-সহকারী নিবন্ধক |
| ধাপ-১৪ | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন | ১-২দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-১৫ | অনুমোদিত পত্রে ইস্যু নম্বর প্রদান | ১-২দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর |
| ধাপ-১৬ | অনুমোদিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির কপি সমিতিতে ও উপজেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ | ১-২দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর |